

301425 - যে ব্যক্তি তার একাউন্ট থেকে তার চাচাতো ভাইয়ের একাউন্টে অর্থ ট্রান্সফার করে যাতে করে সে পারিশ্রমিকের বিনিময়ে ব্যাংকে গিয়ে অর্থ উত্তোলন করতে পারে

প্রশ্ন

আমাদের দেশে ব্যাংক থেকে অর্থ উত্তোলনের দৈনিক সর্বোচ্চ সীমা হচ্ছে- দুই হাজার। আমি অবসর না পাওয়ায় আমার একাউন্ট থেকে আমার চাচাতো ভাইয়ের একাউন্টে অর্থ প্রেরণ করি; যাতে করে সে ব্যাংক থেকে অর্থ উত্তোলন করে আমাকে ক্যাশ দিতে পারে। আমি তাকে টাকা উত্তোলনের জন্য পারিশ্রমিক দিই। এই লেনদেনের হুকুম কী?

প্রিয় উত্তর

আপনার একাউন্ট থেকে আপনার চাচাতো ভাইয়ের একাউন্টে অর্থ ট্রান্সফার করতে কোন আপত্তি নেই; যাতে করে সে ব্যাংক থেকে অর্থ উত্তোলন করে পারিশ্রমিকের বিনিময়ে আপনাকে দিতে পারে।

যে অর্থ তার একাউন্টে প্রবেশ করেছে সেটা আপনারই অর্থ। সে অচিরেই ব্যাংক থেকে অর্থ উত্তোলন করবে। এটি একটি বৈধ কাজ। এই কাজের জন্য পারিশ্রমিক নেয়া জায়েয। যদি আপনি অর্থ ট্রান্সফার করার আগে সে আপনাকে অর্থ দিয়ে থাকে তাহলে সেটা হচ্ছে ঋণ। এ ঋণের উপরে অতিরিক্ত কোন কিছু গ্রহণ করা নাজায়েয। কেননা সেটা হচ্ছে সুদ।

ইবনে কুদামা (রহঃ) "আল-মুগনী" গ্রন্থে (৬/৪৩৬) বলেন: যে ঋণের মধ্যে বেশি দেওয়ার শর্ত করা হয় দ্ব্যর্থহীনভাবে সেটা হারাম। ইবনুল মুনিযির বলেন: "আলেমগণ এই মর্মে ইজমা করেছেন যে, যদি ঋণদাতা ঋণগ্রহীতার উপর বেশি দেওয়ার কিংবা কোন হাদিয়া দেওয়ার শর্ত করে এবং এ শর্তের ভিত্তিতে ঋণ দেয় তাহলে তার এ অতিরিক্ত গ্রহণটা সুদ। যে ঋণ কোন উপকার বয়ে আনে এমন ঋণ গ্রহণ করা থেকে উবাই বিন কাব, ইবনে আব্বাস, ইবনে মাসউদ (রাঃ) নিষেধ করেছেন।[সমাণ্ড]

যদি সে ট্রান্সফার করার আগে আপনাকে কোন কিছু দেয় তাহলে সেটা যেন কোন বিনিময় ছাড়া দেয়।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।